আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় প্রবেশের পূর্বে চালানো তল্লাশির বিষয়কে কেন্দ্র করে জনৈক ছাত্রীর উত্থাপন করা অভিযোগ সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আসাম পুলিশকে তদন্তের নির্দেশ/

(২) আসামে ২০৩০ সালের মধ্যে সবুজ শক্তির মাধ্যমে তিন হাজার মেগাওয়াটেরও বেশি শক্তি উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

(৩) রাজ্যের কলেজগুলিতে স্নাতক পাঠ্যক্রমে দক্ষতা বিকাশের শিক্ষা অর্ন্তভুক্ত করার জন্যে রাজ্য সরকার প্রচেষ্টা অব্যাহত রেখেছে বলে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর প্রকাশ/

এবং

(৪) সমগ্র বরাক উপত্যকায় আজ ইসলাম ধর্মের প্রবর্তক পয়গম্বর হজরত মোহম্মদের জন্মদিনটি উৎসাহ উদ্দীপনায় পালিত/

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আসামে গতকাল অনুষ্ঠিত প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় নলবাড়ীর জনৈক ছাত্রী পরীক্ষার হলে প্রবেশের আগে চালানো তল্লাশি সম্পর্কে উত্থাপন করা অভিযোগ সম্পর্কে আসাম পুলিশকে তদন্তের নির্দেশ দিয়েছে । মুখ্যমন্ত্রী বলেছেন

যে- পরীক্ষাটি অত্যন্ত সততা এবং স্বচ্ছতার সঙ্গে আয়োজন করানোই হচ্ছে রাজ্য সরকারের প্রধান লক্ষ্য । নব প্রজন্মের কল্যাণের লক্ষ্যে কোনোধরণের অনিয়মের ক্ষেত্রে আপোশ করা হবে না বলে তিনি মন্তব্য করেছেন । একইসঙ্গে মহিলা প্রার্থীদের শালীনতা, মর্যাদা রক্ষার বিষয়টি নিশ্চিত করাও সরকারের অন্যতম লক্ষ্য বলে মুখ্যমন্ত্রী প্রকাশ করেছেন ।  মহিলাদের তল্লাশি সম্পর্কে আদালতের দেওয়া প্রাসঙ্গিক রায় ও মহিলা কমিশনের নির্দেশনা অনুসারে পরবর্তী পরীক্ষার পূর্বে একটি মানসম্মত বিধি প্রস্তুত করতে হবে বলেও মুখ্যমন্ত্রী জানান । এদিকে রাজ্য পুলিশেরসঞ্চালক প্রধান জি পি সিং মুখ্যমন্ত্রীর এই নির্দেশ সম্পর্কে ইতিমধ্যে তদন্তের ঘোষণা করা হয়েছে বলে প্রকাশের সঙ্গে সঙ্গে তল্লাশি সম্পর্কে পরবর্তী পরীক্ষার পূর্বে নীতি-নির্দেশনা জারী করা হবে বলেও জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবুজ বিকাশ ও শূন্য কার্বন নির্গমনের লক্ষ্যে উপনীত হওয়ার ক্ষেত্রে ভারত প্রতিশ্রুতিবদ্ধ বলে পুনরায় উল্লেখ করেছেন । শ্রী মোদী আজ গান্ধীনগরের মহাত্মা মন্দিরে বিশ্ব পর্যায়ের চতুর্থ নবীকরণযোগ্য শক্তি বিনিয়োগকারী সম্মেলন ও প্রদর্শনীর উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন যে- ১৪০ কোটি ভারতীয় নিজেদের দেশকে বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতির মধ্যে অন্যতম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সংকল্পবদ্ধ হয়ে কাজ করে যাচ্ছেন । এতে প্রধানমন্ত্রী পি এম সূর্য ঘর বিনামূল্যের বিদ্যুৎ প্রকল্পের সূচনা করেন । তিনি বলেন যে- পি এম সূর্য ঘর বিনামূল্যে বিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে ভারতের প্রতিটি ঘর বিদ্যুৎ উৎপাদক হিসেবে পরিণত হবে । এই প্রকল্পের জন্যে সমগ্র দেশের এক কোটিরও বেশি লোক নিজেদের নাম নথিভুক্ত করেছেন । এই প্রকল্পের আওতায় এপর্যন্ত সমগ্র দেশের তিন লক্ষেরও বেশি ঘরের ছাদে সৌর প্যানেল লাগানো হয়েছে । প্রধানমন্ত্রী একইসঙ্গে যুব সম্প্রদায়ের জন্য নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে চাকরি ও দক্ষতার সুযোগ সৃষ্টির উপরও বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন । দেশের ১৭টি মহানগরকে সৌর নগর হিসেবে গড়ে তোলার বিষয়ে সরকারের পরিকল্পনার কথাও তিনি উল্লেখ করেন । শ্রী মোদী বলেন যে- সরকারের বর্তমান কর্ম পরিকল্পনা হচ্ছে- ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলা ।  এবং সরকারের এই পরিকল্পনার সাফল্য তাদের তৃতীয় কার্যকালের প্রথম একশো দিনে গ্রহণ করা সিদ্ধান্ত সমূহের মাধ্যমেই সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে । উল্লেখ্য- নতুন ও নবীকরণযোগ্য শক্তি মন্ত্রণালয় তিনদিনের এই সম্মেলনের আয়োজন করেছে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ২০৩০ সালের মধ্যে রাজ্যে সবুজ শক্তির মাধ্যমে তিন হাজার মেগাওয়াটেরও বেশি শক্তি উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে সবুজ ভবিষ্যতের পথে রাজ্যের অবদানের বিষয়টি জাতীয় স্বীকৃতি লাভ করার কথা প্রকাশ করে বলেন যে- জীবাশ্ম বর্হিভূত শক্তির উৎস ব্যবহারের মাধ্যমে দেশের নেট জিরো’র লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে আসাম শ্রেষ্ঠত্বের সম্মান লাভ করেছে । উল্লেখ্য- ভারত ২০৩০ সালের মধ্যে জীবাশ্ম বর্হিভূত শক্তির উৎস থেকে আহরণ করা শক্তির দ্বারা উৎপাদিত বিদ্যুৎ শক্তির সামর্থ্য ৫০০ গিগাওয়াট পর্যন্ত বৃদ্ধির লক্ষ্য হাতে নিয়েছে । এবং এরজন্যে একশো শতাংশ প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগে অনুমোদন জানানো হয়েছে । কেন্দ্রীয় নতুন ও নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী এই বিষয়ে প্রকাশ করেছেন । তিনি বলেন যে- বিশ্বের সর্ববৃহৎ গণতন্ত্র এবং দ্রুত বিকশিত রাষ্ট্র হিসেবে ভারতের নবীকরণযোগ্য শক্তি আহরণের যাত্রাই অন্যান্য উন্নয়নশীল অর্থনীতির রাষ্ট্র সমূহকে বহন ক্ষমতা আহরণের পথে অগ্রসর হবার ক্ষেত্রে উৎসাহিত করবে ।

--------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল নতুনদিল্লীর ভারত মন্ডপমে অষ্টম ভারত জল সপ্তাহ ২০২৪ এর উদ্বোধন করবেন ।চারদিন ব্যাপী আয়োজিত এই কার্যসূচীতে ২০০ জন বিদেশী প্রতিনিধি সহ ৪০ টি দেশের প্রায় ৪ হাজার লোক অংশগ্রহণ করবেন ।এই কার্যসূচীতে ১০০ ’র বেশী প্রদর্শক এবং ষ্টার্টআপ জল ক্ষেত্রে নিজ নিজ ভাবনা প্রদর্শণ করবে ।

--------------------------------------------------------------------------------

আসামের কলেজগুলিতে স্নাতক পাঠ্যক্রমে দক্ষতা বিকাশের শিক্ষা অর্ন্তভুক্ত করার জন্য রাজ্য সরকার প্রচেষ্টা অব্যাহত রেখেছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জানিয়েছেন । কোকরাঝাড়ে অনুষ্ঠিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী ডাঃ পেগু আরো বলেন যে- চলতি শিক্ষাবর্ষ থেকে রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে সবধরণের দক্ষতা বিকাশের পাঠ্যক্রম প্রবর্তনের বিষয়ে রাজ্য সরকার প্রচেষ্টা অব্যাহত রেখেছে । তিনি একইসঙ্গে নিজেদের দক্ষতা বিকাশ করে জীবন কৌশল আয়ত্ত করার আহ্বান জানান ।

--------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন স্থানে আজ উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে পয়গম্বর হজরত মোহম্মদের জন্মদিবস ঈদে মিলাদ-উন-নবী পালিত হয়েছে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উপলক্ষে ইসলাম ধর্মাবলম্বী

লোকেদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু এক শুভেচ্ছা বার্তায় বলেন যে হজরত মোহম্মদের জীবন দর্শন প্রেম এবং ভ্রাতৃত্বের বোধ শক্তিশালী করার জন্য সকলকে উৎসাহিত করা সহ  সমতা ও সম্প্রীতির বন্ধনকে মজবুত করে ।
উপরাষ্ট্রপতি শ্রী ধনকড় এই দিবস উপলক্ষে এক শুভেচ্ছা বার্তায়  হজরত মহম্মদের করুণা ন্যায় ও নম্রতার আদর্শকে স্মরণ করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই উৎসব সম্প্রীতি ও একতার বন্ধন  বজায় রাখা সহ সুখ ও সমৃদ্ধি বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যাকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে হজরত মহম্মদের জন্মদিবস ঈদে-মিলাদ-উন-নবী পালিত হয়েছে ।এ উপলক্ষে আজ করিমগঞ্জ জেলার বদরপুরে যুব আহলে সুন্নত ওয়াল জামাত ও সুন্নী ফাউন্ডেশনের উদ্যোগে শোভাযাত্রার আয়োজন করা হয় ।এই শোভাযাত্রা বদরপুর বুন্দাশীল ঈদগাহ থেকে শুরু হয়ে আদমখাকি মোকাম হয়ে পুনরায় বুন্দাশীল ঈদগাহে এসে সমাপ্ত হয় ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বিভিন্ন স্থানেও আজ ঈদে মিলাদুন্নবী উপলক্ষে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এ উপলক্ষে আজ শিলচর রাঙ্গীরখাড়ি থেকে এক শোভাযাত্রা বের হয়ে মেহেরপুর ,নাগাটিল্লা , মধুরবন্দ হয়ে সোনাবারীঘাট সংলগ্ন অঞ্চল প্রদক্ষিণ করে । অসংখ্য মানুষ এই শোভাযাত্রায়  অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে হজরত মোহম্মদের জন্ম দিন ঈদে মিলাদুন্নবী উদযাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলার  বিভিন্ন ধর্মীয় অনুষ্টান , ছাত্র-ছাত্রীদের মধ্যে বিভিন্ন প্রতিযোগীতা , শুভাযাত্রার আয়োজন করা হয় । হাইলাকান্দি শহরের কাটলিছড়া বাস স্টেন্ড প্রাঙ্গনে ঈদে মিলাদুন্নবীর পতাকা উত্তোলন করেন বিশিষ্ট ইসলামিক পন্ডিত সারিমূল হক ।

এদিকে রতনপুর রোড কমিউনিটি হলে ছাত্র-ছাত্রীদের মধ্যে কোরান পাঠ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । সন্ধ্যা সিরাজপট্টী মসজিদে ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে বিশ্ব শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে । এছাড়া জেলার লালা , কাটলিছড়া , আলগাপুর সহ বিভিন্ন স্থানে আজ ঈদে মিলাদুন্নবী উদযাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার চাবাগানগুলোতে আসন্ন দূর্গোৎসবের আগে শ্রমিকদের বোনাস প্রদান করার বিষয় নিয়ে আজ জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে প্রশাসনিক স্তরে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় আগামী ২৫ শে অক্টোবরের মধ্যে চা শ্রমিকদের বোনাস প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।সভায় বরাক চা শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে ২০ শতাংশ বোনাস প্রদান করার প্রস্তাব করা হয় ।এদিকে বোনাস প্রদানের সময় সুরক্ষা ব্যবস্থা সুনিশ্চিত করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে বোনাস প্রদান করার পূর্বে প্রশাসনকে অবগত করাতে বাগান কর্তৃপক্ষকে বলা হয়েছে ।পূজোর দিনগুলোতে তথা এর আগে চাবাগানের আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে পুলিশী টহলদারী চালানো হবে বলেও সভায় জানানো হয় ।এছাড়া জেলা আয়ুক্ত আবগারী বিভাগের পক্ষ থৈকে প্রতিটি চাবাগানে বিশেষ অভিযান চালাতে আবগারী বিভাগের সুপারকে নির্দেশ দেন।সভায় জেলার ২৩ টি চাবাগান পরিচালন কর্তৃপক্ষের কর্মকর্তা , বরাক চা শ্রমিক ইউনিয়নের সহ সভাপতি সিপুজন রবিদাস , সচিব বাবুল নারায়ণ কানু , টি এসোসিয়েশন অব ইন্ডিয়া ( টাই ) এর সাধারণ সম্পাদক সরদিন্দু ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজ্যুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির এক সভা আজ শিলচর সি টি ভি ও-কার্য্যলয়ে অনুষ্ঠিত হয়েছে । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে সংগঠনের রাজ্য কমিটির আহ্বায়ক হিল্লোল ভট্টাচার্য্য জানান যে সংগঠনের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে স্মার্ট মিটার ব্যবস্থা প্রত্যাহার করার দাবী জানানো হয়েছে ।তাদের দাবী পূরণ নাহলে অন্যান্য আন্দোলন কার্যসূচী গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ সুপ্রাকান্দি অঞ্চলে অভিযান চালিয়ে একটি বলেরো গাড়ি থেকে এক লক্ষ ২০ হাজার ইয়াবা ট্যাবলেট এবং ৫৩৭ গ্রাম হেরোইন জব্দ করা হয়েছে । আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তিনজন ব্যাক্তিকে আটক করেছে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে গত ১৪ই সেপ্টেম্বর  জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । জাতীয় লোক আদালতে মটর আইন মামলা , ফৌজদারী মামলা , বৈবাহিক বিরোধ মামলা , ব্যাঙ্ক ঋন সংক্রান্ত মামলা , টেলিফোন ও বিদ্যুৎ

বিল সংক্রান্ত মোট এক হাজার দুশ ৭৬টি মামলার মধ্যে ২৬১টি মামলার নিষ্পত্তি করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------